



শিশু শিক্ষার্থীদের মাঝে রাষ্ট্রদূত জ্যান মজীনা

## বাংলাদেশে শিশুদের শিক্ষা এগিয়ে নিতে কাজ করছে যুক্তরাষ্ট্র

রাষ্ট্রদূত মজীনা

### □ সুনামগঞ্জ প্রতিনিধি

মার্কিন রাষ্ট্রদূত জ্যান মজীনা বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক কাজে লাগিয়ে যুক্তরাষ্ট্র অশেীদারিত্বের ভিত্তিতে প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শিক্ষা-নীতায় শিশুদের এগিয়ে নিতে কাজ করছে। তিনি বলেন, বাংলাদেশে শিক্ষাভেদের উন্নয়নে আমেরিকার তুহিকায় আমি পরবোধ করি। অশেীদারিত্ব শুরুতপূর্ণ এই কাজে আশাশী প্রজন্মকে শিক্ষিত করতে সহযোগিতা করবে। একটি শিশু থেকে আরেকটি শিশুকে সঙ্গে নিয়ে ধীরে ধীরে সোনার বাংলা গড়ার দিকে এগিয়ে যাবে।

পৃষ্ঠা ১৯ তলাব ১

## বাংলাদেশে শিশুদের

প্রথম পৃষ্ঠার পর

গতকাল মঙ্গলবার মূপুরে সুনামগঞ্জের হাজকে খারাই রেজিষ্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইউএসআইডি'র অর্ধায়নে পরিচালিত 'প্রতিভা প্রকল্প' পরিদর্শনকালে তিনি একথা বলেন। পরে তিনি প্রকল্পে অংশগ্রহণকারী শিশুদের মাঝে মতবিনিময় ও চিত্তাকর্ষক প্রতিযোগিতা ঘুরে ঘেছেন।

হাজকে (সুনামগঞ্জ) সংবাদদাতা জানান, ২০১১ সাল থেকে এ প্রোগ্রামের অধীনে হাজকে ১৯টি ছি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। সুবিধাবঞ্চিত স্থানীয় শিশুরা এর মুফল ভোগ করতে শুরু করেছে। ভবিষ্যতে আরো ছি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার চিন্তা-ভাবনা করা হচ্ছে। গতকাল মকালে উপজেলায় আউয়াবাজার ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চল খারাই গ্রামে প্রতিষ্ঠিত খারাই রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে রাষ্ট্রদূত একথা বলেন। তিনি বিদ্যালয়ের পাঠদানে গুরুত্বি পর্যবেক্ষণ, শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে মতবিনিময়, খারাই গ্রামবাসীর সাথে পরিচয় ও গ্রাম পরিদর্শন করেন। তার সহধর্মিণী গ্রেস মজীনা, মিশন ডিরেক্টর রিচার্শ গ্রেসি, ইউএসএআইডি'র হায়া কর্তৃত্বতা এলিসান বার, ইউএসই'র রাজনৈতিক কর্তৃত্বতা ডিরেক্টর আহমদ, ইউএসএআইডি ঢাকার পাবলিক রিলেশন অফিসার ওয়াসিক হাসান, জেদন উইলিয়াম, মুহাম্মদ বখতিয়ার, নিমারুদ্দ আনান প্রমূখ তার সাথে ছিলেন।